

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯২.৩২.৯৯১.১৭- ৯৩৯/১

তারিখ : ২৩/০২/২০১৭খ্রিঃ


বিষয় : সুনামগঞ্জ জেলাধীন জগন্নাথপুর উপজেলার কলকলিয়া ইউনিয়নে হাজী রঞ্জুম আলী আটপাড়া কারিগরি বিদ্যালয় ও কলেজ স্থাপন প্রসঙ্গে।

সূত্র : ১) স্মারক নং- ০৭.০১০.০০২.০০.০০.০০০৫.২০১৪-৩৮০ তারিখ- ০৮/০২/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এসএসসি(ভোকেশনাল)/এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা(বিএম) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি/প্রাথমিক পাঠদানের অনুমতি, চূড়ান্ত স্বীকৃতি প্রদান, স্বীকৃতি নবায়ন ও বাতিল/প্রত্যাহার সংক্রান্ত নীতিমালা অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করা হয়।

২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রতিষ্ঠান এম.পি.ও অনুমোদনের পর কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে প্রতিষ্ঠানের কারিগরি শাখায় নিয়োজিত শিক্ষকদের জনবল কাঠামোর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় সকল শর্ত পূরণ করলে বেতন ভাতার সরকারি অংশ প্রদান করা হয়। প্রতিষ্ঠান স্থাপন সংক্রান্ত কার্যক্রম কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাভুক্ত নয়।

৩। এমতাবস্থায়, তাঁকে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হল।


২৩.২.২০১৭
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব

ও

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

জনাব আলহাজ্ব সাজ্জাদুর রহমান
গ্রাম : পাড়ারগাঁও, ডাকঘরঃ গোবিন্দ বাজার
উপজেলা : জগন্নাথপুর, জেলা : সুনামগঞ্জ।

অনুলিপি :

১। জনাব এম.এ. মান্নান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।